গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
নেত্রকোণা
www.cs.netrokona.gov.bd

স্মারক নংঃ সিএস/নেত্র/৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ/২০২৫/১৮৮৪

তারিখঃ ২৭/০৮/২০২৫ খ্রিঃ

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

প্রশাসন-১ শাখা, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর স্মারক নং ৪৫.০০.০০০০.১৪০.১১.০০১.২৪-৮২, তারিখঃ ১৪ জানুয়ারী ২০২৪ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র এবং স্মারক নং স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-১৪/৯৬-২৫৯৪ তারিখঃ ৭ আগস্ট ২০২৫ খ্রিঃ মোতাবেক মেয়াদ বৃদ্ধিকরণের প্রেক্ষিতে সিভিল সার্জন কার্যালয়, নেত্রকোণা ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব খাতের অন্তর্ভুক্ত ১১ হতে ২০ গ্রেডের (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী) নিম্নে উল্লেখিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে http://netrokona.teletalk.com.bd ওয়েবসাইট-এ অনলাইন আবেদনপত্র পুনরায় আহবান করা যাচ্ছে। ***অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।***

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বিশেষ শর্ত |
|---|---|---|---|---|---|
| ১ | পরিসংখ্যানবিদ | ০৮ (আট) | গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/ অর্থনীতি বিষয়ে ন্যূনতম স্নাতক অথবা সমমানের ডিগ্রি<br>খ) কম্পিউটার ব্যবহারের বাস্তব অভিজ্ঞতা ও দক্ষতা | ১। শুধু নেত্রকোণা জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।<br>২। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড বা সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে একই ইউনিয়নের অপরাপর ওয়ার্ড হতে প্রার্থী নির্বাচন করা হবে।<br>৩। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, নেত্রকোণা এবং নেত্রকোণা জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। |
| ২ | স্টোর কিপার | ০৭ (সাত) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(বি.দ্রঃ স্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে) | |
| ৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৪ (চৌদ্দ) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট এবং ডাটা এন্ট্রির কাজে দক্ষতা থাকতে হবে।<br>গ) টাইপিং এর গতি মিনিটে বাংলায় অন্যূন ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে অন্যূন ২০ (বিশ) শব্দ এর গতি থাকতে হবে। | |
| ৪ | স্বাস্থ্য সহকারী | ১০৮ (একশত আট) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫ | গাড়ি চালক | ০৪ (চার) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) ন্যূনতম অষ্টম শ্রেণী কৃতকার্য হতে হবে।<br>খ) ড্রাইভিং (হালকা/লাইট) লাইসেন্স থাকতে হবে।<br>গ) অভিজ্ঞ চালক অগ্রাধিকার পাবেন। | |
| ৬ | ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট | ০২ (দুই) | গ্রেড-১৯ (৮,৫০০-২০,৫৭০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |

আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ

১) প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং নেত্রকোণা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২) ***আবেদনকারীর বয়স আবেদন শুরুর তারিখ ০৯/০৯/২০২৫ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর পূর্ণ হতে হবে এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর।*** উল্লেখ্য, বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় এবং জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্রে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

৩) ***আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে।*** অনলাইন ব্যতীত অন্যভাবে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার সময়ে আবেদনকারী অবশ্যই উত্তরপত্রে স্বাক্ষর করবেন এবং আবেদনপত্র ও পরীক্ষার (লিখিত/মৌখিক/ব্যবহারিক) উত্তরপত্রে প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

৪) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নংঃ স্বাঅধি/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫, তারিখঃ ০৮/১০/২০১৮ খ্রিঃ মোতাবেক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সব প্রার্থী পরিসংখ্যানবিদ, স্টোর কিপার, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, স্বাস্থ্য সহকারী ও ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট পদে ইতোপূর্বে অনলাইনে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৫) সিভিল সার্জনের কার্যালয়, নেত্রকোণা-এর স্মারক নংঃ সিএস/নেত্র/৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ/২০২৪/৬৬১/১(১৭) তারিখ ২৭/০৩/২০২৪ খ্রিঃ মোতাবেক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সব প্রার্থী পরিসংখ্যানবিদ, স্টোর কিপার, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, স্বাস্থ্য সহকারী ও ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট পদে ইতোপূর্বে অনলাইনে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৬) পূর্ববর্তী বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনকারীর আবেদন সঠিক থাকলে যোগ্য প্রার্থী বলে বিবেচিত হবেন এবং তাঁদের বয়স তৎকালীন বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। তাঁরা বর্তমানে জারীকৃত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি মূলে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং সব যোগ্য প্রার্থীর জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নম্বরঃ স্বাঅধি/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫ তারিখঃ ০৮/১০/২০১৮ খ্রিঃ প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যাঁরা আবেদন করেছেন, তাঁরা লিখিত পরীক্ষার জন্য ধার্যকৃত তারিখের ৩ দিন পূর্বে প্রবেশপত্র ডাউনলোড করে নেবেন। পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোড করার আর কোন সুযোগ থাকবে না।

৭) একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৮) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ি চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে নিয়োগ বিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন।

৯) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ আবেদনে উল্লেখ করতে হবে।

১০) প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কোন ব্যক্তি ফৌজদারী অপরাধে দন্ডিত হলে বা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থী সরকারি চাকুরির বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমতি/অনুমোদন গ্রহণ পূর্বক আবেদন করতে পারবেন এবং মৌখিক পরীক্ষার পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC)-এর মূল কপি জমা দেবেন।

১১) নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি প্রতিপালিত হবে। কোটার সুবিধা প্রত্যাশী আবেদনকারী আবেদন করার সময় কোন্ কোটার অধিকারী তা সুস্পষ্ট অবগত করতে হবে।

১২) স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে:

(ক) আবেদনকারী নিজ ওয়ার্ডের জন্য আবেদন করবেন (তাঁকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে);

(খ) একই ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ডের জন্য আবেদন করা যাবে, কিন্তু সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থী আগে বিবেচিত হবেন;

(গ) কোন ওয়ার্ডের জন্যে যোগ্য প্রার্থী না থাকলে/পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের প্রার্থী বিবেচিত হবেন।

(ঘ) আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent address) সার্টিফিকেটে বর্ণিত ঠিকানার সঙ্গে অভিন্ন হওয়া বাঞ্ছনীয়।

(ঙ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র দাখিল করতে হবে।

(চ) স্বাস্থ্য সহকারী পদে আবেদনকারী মহিলা প্রার্থী বিবাহিতা হলে যেখানে স্থায়ীভাবে বসবাস করেন তার সপক্ষে প্রমাণক হিসাবে স্বামীর জাতীয় পরিচয়পত্র ও সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৩) স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড/ইউনিয়ন/উপজেলা ভিত্তিক) সিভিল সার্জন অফিস এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৪) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য অসত্য ও বানোয়াট প্রমাণিত হলে, কিংবা তথ্য গোপন করলে অথবা প্রতারণা ও দুর্নীতি অবলম্বন করলে তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন। একাধিক ফর্ম পূরণ করলে এবং পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে বা শৃঙ্খলাপরিপন্থী কাজ করলে প্রার্থীতা বাতিল করা হবে।

১৫) কোন প্রার্থী বিদেশী নাগরিককে বিয়ে করলে বা বিয়ে করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৬) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপঃ

ক) আগ্রহী প্রার্থীগণ http://cs netrokona.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফর্ম পূরণ করতে হবে।

খ) ***অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফী জমাদান শুরুর তারিখ ও সময় ০৯/০৯/২০২৫ইং সকাল ১০:০০টা***

গ) ***অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৯/০৯/২০২৫ইং বিকাল ৫:০০টা***

ঘ) অনলাইনে আবেদন সাবমিট করলে একটি ইউজার আইডি পাবেন, যা অবশ্যই সংরক্ষণ করতে হবে।

ঙ) ইউজার আইডি প্রাপ্তির ৭২ ঘণ্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফী জমা দিতে হবে।

১৭) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর রঙ্গীন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ পিক্সেল) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর এর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে পারবে। প্রয়োজনে উপযুক্ত অ্যাপ্লিকেশনের মাধ্যমে (ইন্টারনেট থেকে ডাউনলোড করে নিতে হবে) ছবি ও স্বাক্ষর রিসাইজ করে নিতে হবে।

১৮) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরিবর্তন করা যাবে না, তাই আবেদনপত্র সাবমিট করবার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে শতভাগ নিশ্চিত হয়ে নিতে হবে।

১৯) চূড়ান্ত সাবমিট করার পূর্বে আবেদনের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

২০) এসএমএস প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফী প্রদানঃ যথাযথ নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর আপলোডপূর্বক অনলাইন আবেদনপত্র (Application Form) নির্ভুলভাবে সাবমিট করা হলে সম্পূর্ণ আবেদনের একটি Application Preview দেখা যাবে, যা ডাউনলোড করে Applicant's Copy-র রঙ্গীন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি ইউজার আইডি নম্বর দেয়া থাকবে এবং ইউজার আইডি নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে দু'টি এসএমএস করে পরীক্ষার ফী বাবদ ক্রমিক নংঃ ০১ হতে ০৫ পর্যন্ত পদের জন্য আবেদন ফী ১০০ টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২ টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২ টাকা; এবং ক্রমিক নং ০৬ পদের জন্য আবেদন ফী ৫০ টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ০৬ টাকা সহ অফেরতযোগ্য মোট ৫৬ টাকা পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা হলেও পরীক্ষার জমা না দিলে আবেদনপত্র গৃহীত হবে না।

**প্রথম এসএমএসঃ**

CSNETRO<space>User ID লিখে সেন্ড করতে হবে ১৬২২২ নম্বরে
Example: CSNETRO ABCDEF send to 16222
Reply: Applicant's Name, Tk 112/56 will be charged as application fee.
Your PIN is XXXXXXXX.
To pay fee, Type CSNETRO<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় এসএমএসঃ**

CSNETRO<space>YES<space>PIN লিখে সেন্ড করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: CSNETRO YES 123455678
Reply SMS: Congratulations! Applicants' Name, payment completed successfully for CSNETRO.
Application for (Post Name) User ID is (ABCDEF) & Password (XXXXXXXX)',

২১) যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি ওয়েবসাইট (http://cs netrokona.teletalk.com.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

২২) এসএমএস-এ প্রেরিত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর ও পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র ডাউনলোড পূর্বক রঙ্গীন কপি প্রিন্ট করে নিতে হবে। প্রিন্টেড প্রবেশপত্র পরীক্ষার যে কোন পর্যায়ে প্রদর্শন করতে হবে।

২৩) শুধুমাত্র টেলিটক প্রিপেইড নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ ইউজার আইডি এবং পাসওয়ার্ড পুনরুদ্ধার করতে পারবেন।

ক) ইউজার আইডি জানা থাকলে:

CSNETRO<space>HELP<space>USER<space>User Id and send to 16222

খ) পিন নাম্বার জানা থাকলে:

CSNETRO <space>HELP<space>PIN<space>PIN No and send to 16222
Example: CSNETRO HELP PIN 12345678

২৪) পত্রিকা ছাড়াও আইএমই বিভাগের ওয়েবসাইট www.cs.netrokona.gov.bd-এ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য দেওয়া থাকবে। টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd-এ প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cs.netrokona.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২৫) অনলাইনে আবেদন করতে সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ বা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টালের ফেসবুক পেইজ-এ https://www.facebook.com/alljobsbdTeletalk-এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। মেইল বা মেসেজ এর সাবজেক্ট-এ অর্গানাইজেশন নেমঃ CSNETRO, পোস্ট নেমঃ ***, এপ্লিক্যান্টস ইউজার আইডি ও কন্ট্যাক্ট নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

২৬) কর্তৃপক্ষ যেকোন সময় পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন, পরিবর্তন, পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭) লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদা আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবল মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলক ভাবে প্রদর্শন করতে হবে এবং ০১ সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী ও কর্মস্থল উল্লেখ সহ সীল মোহর থাকতে হবে) কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ/প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতার সনদপত্র

খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার দক্ষতা ও অভিজ্ঞতার বৈধ সনদপত্র

গ) চাকুরীর আবেদন ফর্মে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলার ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তার সনদপত্র

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/ প্রমাণক। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সঙ্গে সম্পর্ক বিষয়ক প্রমাণক (মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-এর সনদপত্র)

চ) ক্ষুদ্র নৃগোষ্ঠী (উপজাতি/আদিবাসী) প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র

ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধিতা সম্পর্কিত সনদপত্র

জ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক এতিমখানা/শিশু সদন কর্তৃক প্রদত্ত সনদ

ঝ) তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তৃতীয় লিঙ্গ সম্পর্কিত সনদপত্র

ঞ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক

ট) ডাউনলোডকৃত এপ্লিক্যান্টস কপি ও প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি।

২৮) প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবে না।

২৯) সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত প্রত্যয়ন পত্র চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এ ছাড়াও, নিয়োগের পূর্বে ডোপ টেস্ট করতে হবে। ডোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৩০) ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য থাকবে। প্রদত্ত তথ্য অসত্য ও বানোয়াট প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে বা নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**** আবেদন করার সর্বশেষ তারিখ বা সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ প্রদান করা যাচ্ছে।*

২৯/০৮/২০২৪

ডা. মোঃ গোলাম মাওলা (নঈম)
সিভিল সার্জন, নেত্রকোণা